

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।
bhaluka.mymensingh.gov.bd

স্মারক নং- ৩৬৬/আইসিটি/১৮৪


তারিখঃ ০৪-০৭-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ National Web Portal এর হালনাগাদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যকে সামনে রেখে এবং সরকারি সেবাসমূহকে আরও সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে গড়ে তোলা হয় বিশ্বের সর্ববৃহৎ পোর্টাল ফ্রেমওয়ার্ক। এর মাধ্যমে সরকারের ইউনিয়ন পর্যায় থেকে শুরু করে উপজেলা, জেলা, বিভাগ, দপ্তর, অধিদপ্তর, মন্ত্রণালয়সহ সারাদেশের সরকারি অফিসসমূহের সকল হালনাগাদ তথ্য/উপাত্ত এবং সরকারী সেবাসমূহ সম্পর্কিত তথ্য উক্ত পোর্টালের মাধ্যমে প্রদর্শনের বাধ্যবাধকতা রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এ বিষয়ে নিয়মিত মনিটরিং করা হয়। লক্ষ্য করা যাচ্ছে যে, সকল অফিসের ভিন্ন ভিন্ন ইউজার আইডি ও পাসওয়ার্ড থাকা সত্ত্বেও ভালুকা উপজেলায় বেশীরভাগ অফিসের তথ্যই হালনাগাদ নয় যা 'ডিশন-২০২১' এর গতিশীল কার্যক্রমের সাথে অসামঞ্জস্যপূর্ণ এবং ডিজিটাল বাংলাদেশ গঠনের অন্তরায় হিসেবে বিবেচিত হচ্ছে।

এমতাবস্থায়, আগামী ০৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সংযুক্ত ছক অনুযায়ী পূরণপূর্বক তথ্য এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল। একই সাথে আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে National Web Portal-এ আপনার অফিসের সকল তথ্য হালনাগাদ পূর্বক পোর্টাল হালনাগাদের সাথে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী, ইমেইল ও মোবাইল নম্বরসহ নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা


০৪.০৭.১৭

(মোহাম্মদ মোশারফ হোসেন খান)

উপজেলা নির্বাহী অফিসার

ভালুকা, ময়মনসিংহ

মোবাইলঃ ০১৭৩৩৩৩৮৯০৩

ইমেইলঃ unobhaluka@mopa.gov.bd

উপজেলা কর্মকর্তা (সকল)

ভালুকা উপজেলা, ময়মনসিংহ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

০১। মহাপরিচালক (প্রশাসন) ও এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ।

০৪। অফিস কপি।